শারমীন মৌসুমী কেকাকে আওয়ামী লীগ থেকে বহিষ্কারের সিদ্ধান্ত

ঝালকাঠি জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শারমীন মৌসুমী কেকাকে দল থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় তাকে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহিত হয়।

সোমবার সন্ধ্যায় শহরের টাউন হলের জেলা আওয়ামী লীগের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহআলম।

জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক অ্যাডভোকেট এম আলম খান কামাল জানান, দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে সাংগঠনিক সম্পাদক শারমিন মৌসূমী কেকাকে বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী তার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত ৩০ আগস্ট রাত ৮টার দিকে এক গৃহবধূকে জিম্মি করে সারারাত নির্যাতন শেষে মুক্তিপণ আদায় ও মাথার চুল কেটে শরীরের বিভিন্ন স্থানে চুন মাখিয়ে দেন আওয়ামী লীগ নেত্রী শারমিন মৌসূমী কেকা ও তার লোকজন। এ সময় ওই নির্যাতিত নারীর বিনীত অনুরোধে তার প্রাণ ভিক্ষা দেয়ার কথা বলে এ কথা কাউকে জানালে আগুন ধরিয়ে দেয়ারও হুমকি দেয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরে আওয়ামী

মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা শাখার আয়োজনে আলোচনা সভা ও কেক কাটা হয়।

শুক্রবার রাত ৯ টায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের কার্যালয়ে প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সহ সভাপতি তরুণ আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল।

বিশেষ অতিথি ছিলেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সাবেক ছাত্রনেতা আমিনুল ইসলাম খোকন।

জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সাধারন সম্পাদক তারিকুল ইসলাম রাজিরের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ মিঠুন, জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা রাজু আহমেদ লিটিল মাহবুব জামান সোহাগ, সদস্য সবুজ আহমেদ, সদর উপজেলা আহবায়ক সুজাউদ্দিন সুজন, যুগ্ম আহ্বায়ক মনিরুল ইসলাম মনি,আব্দুর রহিম, সজীব ওয়াজেদ জয় পরিষদের মেহেরপুর জেলা শাখার আহবায়ক সাইফুল ইসলাম, সদস্য সজীব, সূচল প্রমূখ।

গাংনীর বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষ রোপণ

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষরোপন কর্মসূচী পালন করেছে পৌর কৃষক লীগ।

শুক্রবার বিকালে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

এসময় তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপনের কোন বিকল্প । একটি করে ফলদ, বনজ ও ভেষজ গাছ লাগানোর পরামর্শ দিয়ে তিনি বলেন, ভবিষ্যত প্রজন্মকে বাসযোগ্য করে তোলার জন্য কৃষকলীগের নেতা কর্মীরা বৃক্ষ রোপন কর্মসূচী শুরু করেছে।

তিনি আরো বলেন, মুজিববর্ষের আহবান তিনটি করে গাছ লাগান এ শ্লোগানের মধ্যে দিয়ে মেহেরপুর জেলা কৃষকলীগের উদ্যোগে রাস্তার পার্শে, কবরস্থান ও পতিত জমিতে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন করছে।

পৌর কৃষকলীগের সভাপতি ও পৌর কাউন্সিলর বদরুল আলম বুদুর সভাপতিত্বে অন্যান্য’র মধ্যে বৃক্ষ রোপন কর্মসূচীতে অংশ নেন গাংনী শহর আওয়ামীলীগের সহ সভাপতি ও পৌর কাউন্সিলর নবীর উদ্দীন,বামুন্দী ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবাইদুর রহমান কমল, ২নং ওয়ার্ডের পৌর কাউন্সিলর মিজানুর রহমান মিজান, পৌর কাউন্সিলর ফিরোজা খাতুন,কাউন্সিলর মিজানুর রহমান মদন, উপজেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক কমরেড আব্দুস সাত্তার,সাবেক ছাত্রনেতা জামিরুল ইসলাম টিক্কা,কৃষকলীগনেতা সভাপতি মুনশাদ আলী, হাসেম আলী, আব্দুস সালাম। এ সময় বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আল্লামা শফীর মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আল্লামা শফীসহ কওমি মাদ্রাসার আলেম-উলামারা রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শোকরানা মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আল্লামা শফীসহ কওমি মাদ্রাসার আলেম-উলামারা। ফাইল

ছবি
হেফাজত আমির আল্লামা আহমদ শফীর মৃত্যুতে শোক জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

শুক্রবার আলাদা আলাদা বার্তায় গভীর শোক জানিয়েছেন।

এদিন সন্ধ্যায় রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান আল্লামা শফী। তিনি
চট্টগ্রামের আল-জামিয়াতুল আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম হাটহাজারী মাদ্রাসার মুহতামিম (মহাপরিচালক) পদ থাকা দেশের প্রবীণ কওমি আলেম।

গত বৃহস্পতিবার তিনি সেচ্ছায় পদত্যাগের পরে হাটহাজারী মাদ্রাসার পরিচালনা পর্ষদ (মজলিসে শুরা কমিটি) তাকে মহাপরিচালক পদ থেকে অব্যাহতি দিয়ে মাদ্রাসার উপদেষ্টা (সদরে মুহতামিম) হিসেবে নিয়োগ দিয়েছেন।

ওই দিনই ছাত্র বিক্ষোভের মুখে অবরুদ্ধ অবস্থায় অসুস্থ হয়ে পড়েন আল্লামা শাহ আহমদ শফী। মাদ্রাসার দায়িত্ব থেকে অব্যাহতি নেয়ার পর বৃহস্পতিবার রাত ১২টার দিকে ফায়ার সার্ভিসের একটি অ্যাম্বুলেন্সে করে তাকে চট্টগ্রাম হাসপাতালে নেয়া হয়।

শারীরিক অবস্থার অবনতি হলে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের আইসিইউতে থাকা আল্লামা শফীকে এয়ার অ্যাম্বুলেন্সে শুক্রবার সন্ধ্যার আগে ঢাকায় এনে আজগর আলী হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় সেখানেই তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন।

প্রায় শতবর্ষী আল্লামা আহমদ শফী দীর্ঘদিন যাবৎ তিনি বার্ধক্যজনিত দুর্বলতার পাশাপাশি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও শ্বাসকষ্টে ভুগছিলেন।

গাংনীর তেঁতুলবাড়ীয়ায়

সে¦চ্ছাসেবক লীগের আলোচনা সভা

গাংনীর তেঁতুল বাড়ীয়া ইউনিয়নের হিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আওয়মী সেচ্ছা সেবক লীগের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার বিকাল ৪ টার সময় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ আরিফুল এনাম (বকুল)।

গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন যুগ্ম আহবায়ক মোঃ আরিফুল ইসলাম সোবাহান।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ, সে¦চ্ছাসেবক লীগের নেতা ও কর্মীবৃন্দ।

মেহেরপুরে দলীয় সমর্থনে প্রার্থীদের দোড়ঝাপ

করোনা ভাইরাস মহামারির শেষ কবে বিশ্ব জুড়ে এ প্রশ্নের উত্তর এখনো অজানা। এর মধ্যেই দেশে সময় ঘনিয়ে আসছে ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের।

আইন অনুযায়ী আগামী বছরের মার্চের তৃতীয় সপ্তাহের আগে ইউপি নির্বাচন শুরু করতে হবে, আর শেষ করতে হবে জুনের আগেই। বর্তমানে দেশে ৪ হাজার ৫৭১টি ইউনিয়ন পরিষদ রয়েছে। ২০১৬ সালের ২২ মার্চ, শুরু হয়ে কয়েক ধাপে ইউনিয়ন পরিষদের নির্বাচন শেষ হয় ঐ বছরের ৪ জুন।

আইন অনুযায়ী কোনো ইউনিয়ন পরিষদের মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ১৮০ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে হবে। এই হিসাব অনুযায়ী, আগামী বছরের মার্চে যেসব ইউনিয়ন পরিষদের পাঁচ বছর মেয়াদ হবে, সেসব ইউনিয়ন পরিষদে নির্বাচন সম্পন্ন করতে হবে, এ বছরের সেপ্টেম্বরের শেষ সপ্তাহ থেকে আগামী বছরের মার্চের তৃতীয়

সপ্তাহের মধ্যে। আর যেসব ইউনিয়ন পরিষদের মেয়াদ আগামী বছরের জুনের প্রথম দিকেই শেষ হবে, সেসব ইউনিয়ন পরিষদের নির্বাচন শেষ করতে হবে এ বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহ থেকে আগামী বছরের মে মাসের মধ্যে।

ইউনিয়ন পরিষদের মেয়াদ শেষ ও নির্বাচন শুরুর সম্ভাব্য হিসাব করলে ভোটের এখনো ২ থেকে ১০ মাস বাকি। তবে মেহেরপুরের নবগঠিত দুই ইউনিয়ন মিলে মোট বিশটি ইউনিয়নে এখন থেকেই তোড়জোড় শুরু করে দিয়েছেন সম্ভাব্য চেয়ারম্যান ও সদস্য (মেম্বার) প্রার্থীরা। এই তোড়জোড়ের ব্যাপকতা দেখা যায় এবারের কোরবানির ঈদেও। নির্বাচন সামনে রেখে সম্ভাব্য প্রার্থীদের কেউ কেউ একাধিক গরু জবাই করে বিলি করেছেন এলাকার ভোটারদের মধ্যে। নানা সমীকরণে ভোটের মাঠে প্রভাব-প্রতিপত্তি থাকে এমন ভোটারদের বাড়িতে কেউ কেউ গরু কিনেও পাঠিয়েছেন। এখানেই থেমে থাকছেন না সম্ভাব্য প্রার্থীরা। তাদের তৎপরতা দেখলে মনে হতে পারে, আর কদিন পরেই যেন ভোট। ইউপি নির্বাচন সামনে রেখে বাড়ি, পাড়া-মহল্লা, হাট-বাজার ও রাজনৈতিক কার্যালয়গুলো এখনই প্রায় সরগরম। কোথাও কোথাও শুরু হয়ে গেছে নগদ অর্থের ছড়াছড়ি।

বর্তমান ক্ষমতাসিন দল আওয়ামী লীগের একাধিক প্রার্থী বিভিন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহনের ঘোষণা দিয়েছে। এবারের স্থানীয় নির্বাচনে ইতোমধ্যে দেশের অন্যতম বৃহত্তম দল বিএনপিও অংশ গ্রহন করার ঘোষণা দিয়েছে। সেক্ষেত্রে এবারও দলীয় প্রতিকে নির্বাচন হতে পারে। সে লক্ষ্যে কেউ কেউ উভয় দলের উর্দ্ধতন নেতাদের সাথে নিয়মিত যোগাযোগ করারও চেষ্টা করছেন। দলীয় সমর্থন ও মনোনয়ন পাওয়ার জন্য অনেকেই এখন থেকেই লবিং শুরু করেছে কেন্দ্রীয় কার্যালয়ে। অন্য দলের এই তৎপরতা খুব একটা বেশি লক্ষ্য করা না গেলে ক্ষমতাসিন আওয়ামী লীগের একেকটি আসনে একাধিক প্রার্থীর তৎপরতা বেশ চোখে পড়ার মতো।

জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের বর্তামান চেয়ারম্যান আয়ুব হোসেন আসন্ন নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে শতভাগ আশাবাদ ব্যক্ত করে বলেন, স্থানীয় নির্বাচনে একাধিক প্রার্থী থাকবে। জন সমর্থন পাওয়ার জন্য দোড় ঝাপ করছে অনেকেই। তবে বাংলাদেশ আওয়ামী লীগ স্থানীয় নির্বাচনে যোগ্য প্রার্থীকেই জনপ্রতিনিধিত্ব করার সুযোগ দেবে বলে আমি মনে করি।

তবে এই স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে মেহেরপুরে বিএনপি হতাশা

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য সাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বুধবার দুপুরে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় কমিটি মেয়াদোত্তীর্ণ হওয়ায় কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

মেহেরপুরে “বঙ্গবন্ধুর শৈশব ও শিক্ষা জীবন” বিষয়ক আলোচনা সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে “মুজিববর্ষে শতঘণ্টা মুজিবচর্চা ”“বঙ্গবন্ধুর শৈশব ও শিক্ষা জীবন” বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মঙ্গলবার রাতে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।
প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট লেখক, পদার্থবিদ ও শিক্ষাবিদ ড. মুহাম্মদ জাফর ইকবাল। বঙ্গবন্ধুর শৈশব নিয়ে আলোচনায় তিনি বলেন, “বঙ্গবন্ধু স্কুল জীবন থেকেই নেতা হয়ে ছিলেন। সব সময় তার মধ্যে নেতৃত্ব দেওয়ার প্রবণতা লক্ষ্য করা

গেছে। শিক্ষাজীবনে তিনি নেতৃত্ব দিতে জেলও খেটেছেন। অসাধারণ প্রতিভা ও নেতৃতের গুনেই পরবর্তিতে তিনি এক অবিসংবাদিত নেতায় পরিণত হয়েছিলেন”।
অন্যদের মধ্যে বক্তব্য দেন প্রফেসর হাসানুজ্জামান মালেক, শিক্ষার্থী কুতুব উদ্দিন, পারমিতা ভট্টাচার্য, ফারজানা ওশি, অরিন প্রমুখ। অনুষ্ঠানে প্রায় শতাধিক রাজনৈতিক, শিক্ষাবিদ, সরকারি কর্মকর্তা, সাংবাদিক ও শিক্ষার্থী অংশ নেন।

বাগোয়ান ইউনিয়নকে মডেল হিসেবে গড়ে তুলতে চাই – আয়ুব হোসেন (ভিডিও সহ)

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ ইতিমধ্যে শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব।
প্রথম পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আয়ুব হোসেন। সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রধান প্রতিবেদক মর্তুজা ফারুক রুপক।
সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে আপনি কতটুকু আশাবাদি?

আয়ুব হোসেন: আমি দলীয় মনোনয়ন নৌকা পেয়ে জনগনের ভোটে পর পর দুইবার নির্বাচিত চেয়ারম্যান। এছাড়াও বিগত বছর গুলোতে আমার প্রতিশ্রুতির চেয়ে বেশি কাজ করেছি। বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে রাজনিতি করে আসছি। আমি ছাত্ররাজনীতি করেছি। অত্যন্ত নিষ্ঠার সাথে জেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করছি। ইতিমধ্যে আমি খুলনা বিভাগের শ্রেষ্ট ইউপি চেয়ারম্যান হিসেবে

পুরুষ্কারও পেয়েছি। তাই আমি শতভাগ আশাবাদি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আমার প্রাণের সংগঠন আওয়ামীলীগ আমাকে মনোনয়ন দেবে। তাছাড়াও রাজনীতিতে প্রতিযোগীতা থাকবেই। একাধিক প্রার্থী হবে। আমার বিশ্বাস আমার রাজনৈতিক ইতিহাস ও কর্মকান্ড দেখে জেলা আওয়াম ◌ীলীগের সভাপতি মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আমাকে সমর্থন করবেন।

মেহেরপুর প্রতিদিন: চেয়ারম্যান হিসেবে জনগনের প্রতিশ্রুতির কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন, যাতে করে জনগন আপনাকে পুনরায় ভোট দিয়ে নির্বাচিত করবে?

আয়ুব হোসেন: আমার কাজ শুধু ইউনিয়ন কেন্দ্রিক সীমাবদ্ধ না। আমি মুজিবনগর উপজেলা বাস্তবায়ন কমিটির আহবায়ক ছিলাম। সে হিসেবে গোটা উপজেলার উন্নয়নেও আমি কিছুটা হলেও ভুমিকা রেখেছি। আমার ইউনিয়নের কথা বলতে গেলে, আমি বলবো, এমন কোন রাস্তা খুজে পাওয়া যাবে না যেটা চলাচলের অনুপযোগী। কৃষকরা মাঠে পায়ে হেটে যেতে পারতো না। সেখানে এখন পাকা রাস্তা হয়েছে। কৃষকরা তাদের পন্য সরাসরি গাড়িতে করে বাজারজাত করতে পারছে। ইউনিয়ন ভিত্তিক সকল সেবা ডিজিটাল করা হয়েছে। জনগনকে এখন কোন কাজের জন্য অপেক্ষা করতে হয়না। করোনাকালিন সময়ে আমার ইউনিয়নের নিন্ম বিত্ত মধ্যবিত্ত সকল মানুষের জন্য সরকারি সুবিধা দোর গোড়ায় পৌছে দিয়েছি। তাই জনগনের উপর আমার আস্থা আছে। পুনরায় আমাকে নির্বাচিত করবে।

মেহেরপুর প্রতিদিন: ইতিমধ্যে বিএনপি ঘোষনা দিয়েছে নির্বাচন গুলোতে অংশ নিবে। সেক্ষেত্রে আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন প্রতিদ্বন্দিতাপূর্ন হবে?

আয়ুব হোসেন:: বিএনপি এখন অস্তিত্ব সংকটে ভুগছে। জনগন জানে বিএনপির নৈরাজ্যের কথা। আমার মনে হয় তাদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য নির্বাচনে অংশগ্রহন করবে। যেখানে জনগন ভোটের মাধ্যমে তাদের প্রত্যাখান করে উচিত জবাব দিবে। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের মহাসড়কে চলছে। এই উন্নয়নের ধারাবহিকতা রক্ষা করার জন্য জনগন জননেত্রী শেখ হাসিনার নির্ধারণ করা প্রার্থীকেই নির্বাচিত করবে।

মেহেরপুর প্রতিদিন: মহেরপুরের আওয়ামী লীগে কোন বিভক্তি আছে বলে মনে করেন? যদি বিভক্তি থাকে তবে নির্বাচনের ক্ষেত্রে সতন্ত্র প্রার্থী হলে নির্বাচন কেমন হবে?

আয়ুব হোসেন: মেহেরপুরের আওয়ামী লীগে কোন বিভক্তি আছে বলে আমার মনে হয়না। যারা আওয়ামীলীগ করে তারা সবাই বঙ্গবন্ধুর আদর্শের নৌকার সৈনিক। যারা নৌকার লোক পরিচয়ে নৌকার বিপক্ষে ভোট করবে তারা হাইব্রিড আওয়ামী লীগ। সেক্ষেত্রে দলের বিপক্ষে নির্বাচন করে জন সমর্থন পাবে বলে আমার মনে হয়না।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

আয়ুব হোসেন: আমার বাগোয়ান ইউনিয়নকে একটি মডেল ইউনিয়ন হিসেবে গড়ে দুলতে চাই। উন্নয়নের কোন কিছুর কমতি নেই। একটি স্বচ্ছ, সুন্দর ও জনবান্ধব ইউনিয়ন হিসেবে আমার ইউনিয়ন সুপরিচিত। এই ধারাবহিকতা আমি ধরে রাখবো।

অন্ধকারে ঢিল ছুড়বেন না: বিএনপিকে কাদের

বিএনপিকে অন্ধকারে ঢিল না ছোড়ার আহ্বান জানিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, চিরাচরিত মিথ্যাচার বিএনপির নিজস্ব রাজনৈতিক সংস্কৃতি।

‘সরকার করোনা রোগীদের পরিসংখ্যানে ৮২ হাজার রোগীর নাম বাদ দিয়েছে’– বিএনপির এমন অভিযোগ প্রসঙ্গে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বিএনপিকে বাদ পড়া ৮২ হাজার রোগীর তালিকা দিতে বলেন।

তিনি রোববার সকালে ভারতীয় ঋণ কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প এবং অগ্রগতি পর্যালোচনাসভায় এ কথা বলেন। সেতুমন্ত্রী তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভায় যুক্ত হন।

মন্ত্রী বলেন, শেখ হাসিনা সরকার কূটনৈতিক দক্ষতা দিয়ে প্রতিবেশী দেশের সঙ্গে বৈরিতার বিপরীতে গড়ে তুলেছেন আস্থার সম্পর্ক। তিনি বলেন, ভারত-বাংলাদেশ পারস্পরিক উন্নয়ন এগিয়ে নিতে দুদেশ একে অপরের সহায়ক, তারই ধারাবাহিকতায় ভারতীয় ঋণ কর্মসূচির আওতায়